(5)

16467 1000 Rs.

INDIA NON JUDICIAL

१००० रु. — Rs 1000

भारत

एक हज़ार रुपये — ONE THOUSAND RUPEES

Duly Stamped under the Indian Stamp Act, 1899 as amended by Act III of 1922 and Section 82 of the Calcutta Improvement Act, 1911 Schedule.

A No. 23

Stamp Duty Paid under the Indian Stamp Act, 1899 as amended in 1976 Rs. 1956/-

Additional duty Paid under the Calcutta Improvement Act 1911 Rs. 500/- Excess

Total Rs. 2456/-

A 2395.00 N 1.20 — 240.70

J(1) 50/- J(2) 30/- — 80/-

Gouresh Kar
Debes Kar
Tapesh Kar

District Sub-Registrar, Alipore, 24 Parganas
15/12/82

২৫০০০/- টাকা পণে সাফ বিক্রয় কোবালা

কোবালা গ্রহীতাদ্বয় — ১। শ্রী স্বপন নন্দী, পিতা শ্রী অমূল্যকৃষ্ণ নন্দী, জাতি হিন্দু, পেশা চাকুরী,
২। শ্রী তপন নন্দী, পিতা শ্রী অমূল্যকৃষ্ণ নন্দী, জাতি হিন্দু, পেশা চাকুরী,
সর্ব্ব সাকিন ২১নং বসা রোড, সাউথ, সেকেণ্ড লেন, কলিকাতা -৩৩,
থানা যাদবপুর, জেলা ২৪ পরগণা।

কোবালা দাতা — ১। শ্রীমতী পদ্মলতা কর, স্বামী মৃত সন্তোষ কুমার কর, জাতি হিন্দু,
পেশা গৃহস্থালী, সাকিন ৯নং ভীম ঘোষ লেন, থানা বড়তলা,
শহর কলিকাতা।
২। শ্রী গৌরেশ কর,
৩। শ্রী দেবেশ কর,
৪। শ্রী তপেশ কর, সকলের পিতা শ্রী সন্তোষ কর, জাতি হিন্দু, পেশা
ব্যবসা, সাকিন ৯নং ভীম ঘোষ লেন, থানা বড়তলা, শহর কলিকাতা।

বস্য ..

8363(7)
Swapan Nandi
21 Russa Rd South 2nd Lane
1000/-
9/12/82

THE DISTRICT SUB-REGISTRAR ALIPORE 24 PARGANAS

8363(7) – Rs 1000.00

Presented for Registration at 2.00 P.M. on the 15th day of Dec 1982 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Padma lata Kar
residents of 9 Bhim Ghosh Lane Cal 6 – d. Private
Executant / Claimant or one of the Executants / Claimants
Attorney for
Executant / Claimant
Power of attorney No
of 19 authenticated
Registrar of

(1) Padma lata Kar w/o Late Santash Kr. Kar
(2) Arunesh Kar
(2) Delesh Kar
(3) Tapas Kar
Sons of Amutash Kar
of 9 Bhim Ghosh Lane
Thana
District Cal 6
By Caste Hindu
By profession H. Wife, Business

District Sub-Registrar
Alipore, 24 Parganas
15.12.82

Identified by

Amaresh Kar
Son of Santash Kr. Kar
of 9 Bhim Ghosh Lane
Thana
District Cal 6
By Caste Hindu
By profession Business

Arunesh Kar

Amaresh Kar.

District Sub-Registrar
Alipore, 24 Parganas
15.12.82

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.     Rs 1000

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

[illegible]
Ganesh Kar
Debesh Kar
Tapesh Kar



বস্য জেলা ২৪ পরগণা কালেক্টরীর অন্তঃপাতী নিস্কর অবিভক্ত /৪ চারি কাঠা বাস্তু জমি সায় তদুপরিস্থ গুদামঘর দরবস্তু হক হকুক সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালাপত্র মিদং কার্য্যঞ্চাগে –

জেলা ২৪ পরগণা, থানা পূর্বতন টালীগঞ্জ হাল যাদবপুরের অন্তঃপাতী সবরেজেষ্ট্রী আলিপুরের এলাকাধীন মৌজা চাঁদপুর টালীগঞ্জ গ্রামের পূর্বতন টালীগঞ্জ মিউনিসিপ্যালিটীর হাল কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত ৩৫৯রি ১, তৌজি ভুক্ত স্থবেশী ১৪/ চৌদ্দ বিঘা নিস্কর জমি সায় তদুপরিস্থিত ইমারতাদি যাহা উক্ত মিউনিসিপ্যালিটীর ১৯৭নং রসা রোড, সাউথ প্রেমিসেস ছিল। উক্ত–

8363 (7)
Swapan Nandi
21 Russa Rd South 2nd Lane cal 33
1000/-
9/12/82

Dist. Sub-Registrar
24-Parganas
Alipore

Rs 25,000/- as consideration money has been paid in my presence by Amulya Kr. Nandy to Amaresh Kar, the executants

Debes Kar

Tapesh Kar

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ALIPORE 24 PARG

Amaresh Kar.

District Sub-Registrar
Alipore, 24 Parganas
15.12.82

200Rs.

INDIA NON JUDICIAL

२०० रु.    Rs. 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये    TWO HUNDRED RUPEES



সম্পত্তি ও অন্যান্য সম্পত্তি মহীশূর নবাব বংশীয় জনৈক সাহেবজাদা মহম্মদ - -
রুসিছুদ্দিন সাহেবের স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল । তিনি তাঁহার পত্নী সাহেবজাদী -
করিমন্নেছা বেগম এবং অপর তিন কন্যাকে কোন উইল না করিয়া পরলোক গমন
করিলে তাঁহার ত্যক্ত উক্ত সম্পত্তি উক্ত সাহেবজাদী করিমন্নেছা বেগম এবং তাঁহার
তিন কন্যা মহম্মদীয় আইনানুযায়ী ১/৮ এক অষ্টমাংশে নিব্যূঢ় স্বত্ব প্রাপ্ত হইয়া
শরিকগণের সহিত উহা এজমালে ভোগ দখল করিতে থাকা কালীন তাঁহার ভোগ-
দখলীয় উক্ত অবিভক্ত ১/৮ অংশ মহামান্য কলিকাতা হাইকোর্টের এক ডিক্রী জারী
ইস্তাহারায় প্রকাশ্য নীলামে সন ১৮৯২ সালের ২১শে এপ্রিল তারিখে জনৈকা -
সাহেবজাদী আঞ্জমান আরা বেগম তাঁহার নিজ অর্থে তাঁহার স্বামী নবাব সুলতান -

8363 (7)

Swapan Nandi

21 Rassa Rd. South 2nd Lane

2007 Cal 33


9/1/48

District Sub-Registrar
Alipore, 24 Parganas

15-12-62

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR * 24 PARGANAS ALIPORE

200Rs.




Comal Kar
Debes Kar
Tapan Kar

- ৪ -

নবাব সুলতান আলমের বেনামে খরিদ করিয়া দখল প্রাপ্ত হইয়া অন্যান্য শরিক - গণের সহিত এজমালে ভোগ দখল করিতে থাকাকালীন মোকাম আলিপুরের প্রথম সবজজ আদালতে সন ১৯০১ সালের ২৯নং পার্টিশান মোকদ্দমা ফাইনাল ডিক্রী - মূলে উক্ত ১৯৭নং রসা রোড সাউথ প্রেমিসেসের দুই বিঘা সতের কাঠা দুই ছটাক বিয়াল্লিশ স্কোয়ার ফিট জমি নিজাংশে প্রাপ্ত হইয়া উক্ত আঞ্জুমান আরা বেগম তাঁহার উক্ত স্বামীর দ্বারা সন ১৯০৪ সালে ২৬শে অক্টোবর তারিখে সম্পাদিত এবং রেজেষ্ট্রীকৃত একখানা ডিড অব ডিক্লেরেশন দলিল মূলে আলিপুর কালেক্টরী হতে সন ১৯০৫ সালের ৫৩৫নং ল্যাণ্ড রেজিষ্ট্রেশন মোকদ্দমায় তাঁহার নিজ নাম

60 Rs.

साठ रुपया

भारत

INDIA

SIXTY RUPEES

60RS



রেজেষ্ট্রী করিয়া লইয়া উক্ত সম্পত্তিতে অন্যের নিরাংশে বিনা সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে ভোগবতী ও দখলকারিনী থাকাকালে উক্ত সম্পত্তি হইতে সমস্ত প্রজা উচ্ছেদ করিয়া উক্ত সম্পত্তি ভিন্ন ভিন্ন প্লটে বিভক্ত করিয়া রসা রোড হইতে ১৬ ফিট চওড়া একটি রাস্তা প্রস্তুত করিয়া উক্ত ভিন্ন ভিন্ন প্লট জমি ভিন্ন ভিন্ন ব্যক্তিদিগকে বিক্রয় করিতে থাকেন। অত্র কোবালা দাতাগণের পূর্বাধিকারিনী মেনকা - শ্রীমতী চপলা দেবী উক্ত সম্পত্তির ৫নং প্লটের কমবেশী ৴৪ চারি কাঠা নিষ্কর বাস্তু জমি সন ১৯৩৬ সালের ২৩শে ডিসেম্বর তারিখে সম্পাদিত এবং রেজেষ্ট্রীকৃত একখানা কোবালা দলিল মূলে উপযুক্ত মূল্যে খরিদ করিয়া দখল লইয়া যথারীতি ভোগ দখল ও অধিকার করিতে থাকা কালীন সন ১৯৪৮ সালের ২৩শে ফেব্রুয়ারী সম্পাদিত এবং উক্ত তারিখে মোকাম আলিপুর ডিষ্ট্রীক্ট রেজেষ্ট্রী অফিসে -

50 P.

INDIA

पचास पैसे पचास पैसे

सत्यमेव जयते

भारत

FIFTY PAISE

- ৬ -

১নং বহির, ২৭নং ভল্যুমে সন ১৯৪৮ সালের ৬৪৯নং দলিলের ১১ হইতে ১৭ পৃষ্ঠায়
রেজেষ্ট্রীকৃত এক সাফ বিক্রয় কোবালা মূলে অত্র কোবালা দলিলের ১নং কোবালা
দাতা আমি এবং ২নং হইতে ৪নং কোবালা দাতাগণের পরলোকগতা মাতা —
শ্রীমতী কাঞ্চন মালা কর এবং শ্রীমতী কানন বালা সেন এবং শ্রীমতী অপর্ণা বালা সেন
একত্রে স্ব স্ব স্ত্রীধন দ্বারা তুল্যাংশে নিম্ন ।ক। তপশীলে বিশেষ ভাবে বর্ণিত উক্ত—
৷৪ চারি কাঠা বাস্তু জমি উপযুক্ত পণে খরিদ করিয়া দখল লইয়া আলিপুর —
কালেক্টরীতে এবং তদানীন্তন টালিগঞ্জ মিউনিসিপ্যালিটী অধুনা কলিকাতা —
করপোরেশনে উক্ত চারিজনের নাম পত্তনে উক্ত সম্পত্তির উপর উক্ত চারিজনের
স্ব স্ব স্ত্রীধন অর্থের তুল্যাংশে দিয়ত তহবিল দ্বারা একটি পাকা পোতা করগেট
টিনের গুদামঘর নির্মাণ করিয়া তথায় মেসার্স কর্ণওয়ালিশ এক্সচেঞ্জ নামক —

50 P.

INDIA

पचास पैसे पचास पैसे

सत्यमेव जयते

भारत

FIFTY PAISE

Aparna Kar

Debes Kar

Tapan Kar



প্রতিষ্ঠানকে ভাড়াটিয়া পত্তন করিয়া এজমালে ভাড়া আদায়ে ভোগ দখল এবং অধিকার করিয়া আসিতেছি।

প্রকাশ থাকে যে, উক্ত শ্রীমতী অপর্না বালা সেন সন ১৯৬৩ সালে ১৩ই সেপ্টেম্বর তারিখে সম্পাদিত এবং রেজেষ্ট্রীকৃত একখেতা ইংরাজী সাফ বিক্রয় কোবালা দলিল মূলে নিম্ন।ক। তপশীল বর্ণিত সম্পত্তিতে তাঁহার অবিভক্ত ১/৪ এক চতুর্থাংশ উপযুক্ত মূল্যে উক্ত শ্রীমতী কানন বালা সেনকে বিক্রয় করিয়া দখল দিয়া নিঃস্বত্ত্ব হয়েন। উক্ত দলিল কলিকাতা রেজেষ্ট্রী অফিসের ১নং বহির ১৪৬নং ভল্যুমের সন ১৯৬৩ সালের ৫৬০৭নং দলিলের ২৪৫ হইতে ২৫১ পৃষ্ঠা রেজেষ্ট্রী হইয়াছে।

আর প্রকাশ থাকে যে, উক্ত শ্রীমতী কানন বালা দেবী সন ১৯৭৮ সালে ২৭শে – ফেব্রুয়ারী তারিখে সম্পাদিত এবং রেজেষ্ট্রীকৃত একখেতা দানপত্র দলিল দ্বারা –

Goutam Kar

Debes Kar

Tapan Kar



নিম্ন ।ক। তপশীলে বর্ণিত সম্পত্তির অবিভক্ত ১/২ অর্দ্ধাংশ অত্র কোবালা গ্রহীতা - তোমাদিগকে নিঃস্বত্বে দান করিয়া দখল দিয়া সম্পূর্ণ নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইয়াছেন এবং তদবধি অত্র দলিল গ্রহীতাগণ তোমরা উক্ত সম্পত্তি অবিভক্ত ১/২ অর্দ্ধাংশের স্বত্ববান এবং দখলিকার হইয়াছ। আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের ২নং হইতে ৪নং কোবালা দাতাগণের মাতা উক্ত শ্রীমতী কাঞ্চন মালা কর সন ১৯৮২ সালের ১৭ই সেপ্টেম্বর তারিখে কোন উইলপত্র না রাখিয়া পরলোক গমন করিলে নিম্ন ।ক। তপশীলে বর্ণিত তাঁহার খরিদা অবিভক্ত ১/৪ এক চতুর্থাংশ অত্র দলিলের ২নং হইতে ৪নং দলিল দাতাগণ উক্ত মৃত ব্যক্তির পুত্রগণ বিধায় এবং ১। শ্রীমতী অরুণা দত্ত, স্বামী শ্রী অমরনাথ দত্ত, ২। শ্রীমতী অণিমা ধর, স্বামী শ্রী অধীর ধর, এবং শ্রীমতী অমিতা নন্দী স্বামী ডাঃ ডালিম কুমার নন্দী উক্ত মৃত ব্যক্তির কন্যাগণ - বিধায় তাঁহারা যৌথভাবে উক্ত শ্রীমতী কাঞ্চন মালা করের ত্যক্ত নিম্ন ।ক। তপশীলে বর্ণিত সম্পত্তির অবিভক্ত ১/৪ একচতুর্থাংশ ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া এজমালে ভোগ - দখল ও অধিকার করিতে থাকাকালীন উক্ত শ্রী অরুণা দত্ত, শ্রীমতী অণিমা ধর এবং - শ্রীমতী অমিতা নন্দী সন ১৯৮২ সালের ১৪ই অক্টোবর তারিখে সম্পাদিত এবং উক্ত - তারিখে কলিকাতা রেজেষ্ট্রী অফিসে ৯১৯৬নং দলিল রূপে রেজেষ্ট্রীকৃত একখানা দানপত্র দলিল দ্বারা উক্ত সম্পত্তিতে তাঁহাদের যাবতীয় স্বত্ব দখল ও অধিকার অত্র দলিলের ২নং হইতে ৪নং দলিল দাতার অনুকূলে নিঃস্বত্বে দান করিয়া দখল দিয়া নিঃস্বত্ববতী এবং দখলচ্যুতা হইয়াছেন এবং উক্ত ২নং হইতে ৪নং দলিল দাতাগণ উক্ত দান গ্রহণ করিয়া উক্ত সম্পত্তির অবিভক্ত ১/৪ এক চতুর্থাংশের যৌথ ভাবে মালিক

এবং দখলকার হইয়াছেন ।

অত্র দলিলপত্র গ্রহীতাগণ তোমরা অত্র দলিল দাতাগণের নিকট-আত্মীয় হইতেছ । তোমরা উক্ত শ্রীমতী কানন বালা সেনের উক্ত দানপত্র দলিল মূলে ।ক। তপশীল সম্পত্তি তোমরা যৌথ ভাবে অবিভক্ত অর্দ্ধাংশের মালিক এবং দখলিকার হইতেছ । তোমরা বর্ত্তমানে পিতা মাতার সহিত উক্ত সম্পত্তির নিকটে বসবাস করিতেছ এবং তোমরা উক্ত সম্পত্তি শাসন এবং সংরক্ষণ করিতেছ । তোমাদের পিতা শ্রী অমূল্যকৃষ্ণ নন্দী তাঁহার সঞ্চিত অর্থের দ্বারা নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তিতে তোমাদের সংস্থানের জন্য বসতবাটী নির্ম্মাণার্থে উক্ত সম্পত্তি অবিভক্ত ১/২ অর্দ্ধাংশ ২৫০০০্ পঁচিশ হাজার — টাকা মূল্যে তোমাদের নামে খরিদ করিবার প্রস্তাব করিলে আমরা অত্র কোবালা দাতাগণ উক্ত মূল্য বাজার যাচাইয়ে উপযুক্ত মূল্য বিবেচনা করিয়া নিম্ন ।ক। তপশীলে বিক্রয়রূপে বর্ণিত সম্পত্তির অবিভক্ত ১/২ অর্দ্ধাংশ মায় তৎসংলগ্ন সর্ব্ব স্বত্ব, ইজমেণ্ট স্বত্ব, সর্ব প্রকার স্বত্ব, দখল অধিকার নিম্ন ।খ। তপশীল টাকার জায় বিমর্জিন ২৫০০০্ পঁচিশ হাজার — টাকা মাত্র অদ্য তারিখে তোমাদের পিতা শ্রী অমূল্যকৃষ্ণ নন্দীর নিকট হইতে এককালীন বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তি স্বীকার করিয়া উক্ত অমূল্যকৃষ্ণ নন্দীর অনুরোধে অত্র দলিল গ্রহীতাদ্বয় তোমাদিগের অনুকূলে অত্র কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়া সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় উক্ত সম্পত্তি সাফ বিক্রয় করিয়া দখল প্রদানে অদ্য তারিখ হইতে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে চিরতরে সম্পূর্ণ নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ।

প্রকাশ ....

Debes Kar
Tapan Kar



প্রকাশ থাকে যে, এই বিক্রীত সম্পত্তিতে আমাদের যে কোনও সূত্রে যে কিছু
স্বত্ব দখল লভ্য স্বামীত্ব হক হকিয়ত ইজমেণ্ট স্বত্ব বা দাবী দাওয়া লভ্য বা অধিকার
ছিল বা আছে তৎসমস্তই অদ্য তারিখ হইতে ধ্বংশ ও লোপ হইয়া উহাতে তোমাদের
নিব্যুঢ় স্বত্ব বর্তিল। তোমরা অদ্য তারিখ হইতে উহা দান, বিক্রয়াদি সর্ববিধ
হস্তান্তরের নিব্যুঢ় স্বত্বে পুত্র পৌত্রাদি ওয়ারিশন ও স্থলাভিষিক্ত গণক্রমে ভোগ দখল
করিতে থাক, তাহাতে আমরা কিম্বা আমাদের কোন ওয়ারেশ স্থলাভিষিক্ত -
একজিকিউটার ও এডমিনিষ্ট্রেটর প্রভৃতি কেহ কখনও কোনরূপ ওজর আপত্য বা দাবী
দাওয়া করিতে পারিব না ও পারিবে না, করিলেও তাহা আদালতে অগ্রাহ্য হইবে।
এই বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বে দান, বিক্রয় করি নাই বা বন্ধক দিই নাই বা
কাহারও সহিত বায়না করিয়া রাখি নাই বা উহা কোন দেবত্তরে অর্পণ করি নাই বা
আমাদের দেনার দায়ে কোন আদালত কর্তৃক উহা ক্রোকাবদ্ধ নাই বা নীলাম হয়
নাই এবং উহার বিরুদ্ধে কোন আদালতে কোন মোকদ্দমা দায়ের নাই। উহা -
নির্দায় অবস্থায় তোমাদিগকে বিক্রয় করিলাম। যদ্যপি ভবিষ্যতে আমাদের -
উপরোক্ত ঐ সমস্ত উক্তির বিপরীতে এই বিক্রীত সম্পত্তিতে কোনরূপ দায় থাকা
প্রকাশ পায় এবং তজ্জন্য এই সম্পত্তিতে তোমাদের স্বত্বের বা দখলের কোন ক্ষতি হয়
তাহা হইলে আমরা ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে তোমাদের ক্ষতি পূরণ করিতে
বাধ্য রহিলাম। প্রকাশ থাকে, অত্র দলিল গ্রহীতাগণ তোমরা অত্র দলিল দাতাগণ -
আমাদের নিকট-আত্মীয় বিধায় বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্ব নির্দায় ও নির্দোষ
অবস্থায় আছে, আমাদের এই মৌখিক ঘোষণায় সরল বিশ্বাসে রেজেষ্ট্রী অফিস এবং

Atulendu Kar
Gunendra Kar
Dilip Kar
Tapan Kar

আদালতাদি অনুসন্ধান না করিয়া অত্র সম্পত্তি ক্রয় করিলে ।

প্রকাশ থাকে যে, এই বিক্রীত সম্পত্তির দক্ষিণ ও পশ্চিম সীমানায় তৎসংলগ্ন - আঞ্জুমান আরা বেগমের জমির উপর দুইটি ১৬ ষোল ফিট প্রশস্ত রাস্তা রহিল । উক্ত দুইটি রাস্তায় তোমাদের চলাচলের যানবাহনাদি গমনা গমনের, ড্রেণ, - ইলেকট্রিক, গ্যাস, ওয়াটার, টেলিফোন কনেকসন লইয়া যাইবার বা অপর যাবতীয় কর্ম স্বত্ব রহিল । উক্ত দক্ষিণ দিকের রাস্তা হিন্দুস্থান কো-অপারেটিভ ইনসিওরেন্স - কোম্পানীর তৈয়ারী রসা রোড হইতে বহির্গত সরাসরি পূর্ব পশ্চিমে ২০ফুট প্রশস্ত রাস্তার সহিত সংযুক্ত থাকিল । উপরোক্ত আলিপুর প্রথম সবজজ আদালতের সন ১৯০১ সালের ২৯নং দেওয়ানী মোকদ্দমার চরম ডিক্রীর একাংশভুক্ত নকসায় প্রদর্শিত কমন - প্যাসেজের সৃজন প্রভৃতি রাস্তায় তোমাদের যাবতীয় কর্ম স্বত্ব থাকিল ।

দলিল সম্পর্কে আমরা যে সমস্ত সর্ত পাইয়াছি সে সমস্ত সর্তের অধিকার তোমরা ভোগ করিবে । যদি অত্র কোবালার পোষকে কোনও সংশোধনদলিল করা আবশ্যক হয় তাহা তোমাদের খরচায় করিয়া দিতে বাধ্য রহিলাম বা থাকিলাম ।

প্রকাশ থাকে যে, নিম্ন ।কা তপশীল ভুক্ত বিক্রীত সম্পত্তির সন ১৯৪৮ সালের ২৩শে ফেব্রুয়ারী তারিখের মূল দলিল এবং কলিকাতা করপোরেশনের ট্যাক্স প্রদানের রসিদ তোমাদের নিকটেই আছে । বিগত ইং ১৪।১০।১৯৮২ তারিখের সম্পাদিত - দানপত্র মূল দলিল এখনও রেজেষ্ট্রী অফিস হইতে প্রাপ্ত হই নাই । আমরা ২নং হইতে ৪নং দলিল দাতা উক্ত দলিলের রসিদ তোমাদিগকে অদ্য তারিখে প্রদান করিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে, স্বেচ্ছায় ও অন্যের বিনা অনুরোধে তোমাদের নিকট

[illegible] [illegible] Kar Debesh Kar Tapan Kar

হইতে পড়েপুরে ২৫০০০/-পঁচিশ হাজার — টাকা নিম্ন (খ) তপশীল টাকার জায় - স্বাভাবিক বুঝিয়া পাইয়া ও এই দলিলের মর্ম সবিশেষ অবগত থাকিয়া এই সাফ - বিক্রয় কোবালাপত্র আমরা সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ - [illegible]

(ক) তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জের অন্তর্গত সবরেজেষ্ট্রী আলিপুরের এলাকাধীন পরগণে খাসপুর মৌজে চাঁদপুর টালিগঞ্জ গ্রামে খতিয়ান নং ৭৭২, জে, এল, নং ৪১, তৌজি নং ৩২৯ বি -১ ভুক্ত টালিগঞ্জ মিউনিসিপ্যালিটীর সাবেক ২২নং রসা রোড, হাল সাউদার্ণ ওৎপরে ২০৪নং রসা রোড, সাউথ, তৎপরে ২৭১নং রসা রোড, সাউথ প্রেমিসেস অধুনা কলিকাতা করপোরেশনের ১৯নং রসা রোড, সাউথ সেকেণ্ড লেন এবং যাহার দাগ নং ৫৬৬, ৫৬৩, ৫৬৫ এবং ৫৬৭ হইতেছে কমবেশ /৪ চারি কাঠা নিষ্কর বাস্তু জমি সায় তদুপরিস্থিত পাকা কোঠা বরগেট - টিনের গুদামঘর সায় দক্ষিণ ও পশ্চিমে স্থিত ১৬' ষোল ফিট প্রশস্ত রাস্তার যাবতীয় বর্ত্ত স্বত্ব দরবস্তু হকুক অবিভক্ত ১/২ অর্দ্ধাংশ অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে।

যাহার চৌহদ্দি -

উত্তর - ২০নং রসা রোড, সাউথ সেকেণ্ড লেন।
পূর্ব্ব - ৭৩নং প্রিন্স আনোয়ার সাহ রোড।
দক্ষিণ - রসা রোড, সাউথ সেকেণ্ড লেন।
পশ্চিম - কমন প্যাসেজ।

(খ) তপশীল টাকার জায়

- ১৩ -

।খ। তপশীল টাকার জায়

অদ্য তারিখে নগদ লওয়া - ২৫০০০, টাকা

মবলগে পঁচিশ হাজার টাকা মাত্র ।

অত্র দলিল পাঠ করিয়া দলিলের মর্ম্ম ও ফলাফল দলিল দাতাগণকে বুঝাইয়া দিলাম ।

ইসাদি

লেখক/টাইপকারক,

আলিপুর জজ কোর্ট

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ★ 24 PARGANAS ALIPORE

জেলা অবর নিবন্ধক

District Sub-Registrar
Alipore, 24 Parganas

15.12.82

N. 5.40

paid Rupee

Book I
Volume No 418
Pages 197 to 209
Being No 16461
for the Year 1982

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ★ 24 PARGANAS ALIPORE

জেলা অবর নিবন্ধক

আলিপুর

District Sub-Registrar
Alipore, 24 Parganas

14-3-85

The Calcutta Municipal
TOLLYGUNGE
Zone No ... Wa
- 8 SEP 1987
Receiving
Despatch
Letter No ...
Signature .